

(<http://www.banglanews24.com>)

শর্ত পূরণে ব্যর্থ বিশ্ববিদ্যালয়গুলোর বিরুদ্ধে ব্যবস্থা

স্টাফ করেসপন্ডেন্ট | বাংলাদেশউজটোয়েন্টিফোর.কম | আপডেট: ২০১৮-০১-২০ ১:০৮:২৬ পিএম



ঢাকা: যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয় তাদের শর্ত পূরণে ব্যর্থ হয়েছে তাদের বিরুদ্ধে আইনগতভাবে ব্যবস্থা নেওয়া ছাড়া আর কোনো উপায় নেই বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

শনিবার (২০ জানুয়ারি) সকালে বাড্ডার মাদানী অ্যাভিনিউতে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয় সফল হতে পারেনি। বিশ্ববিদ্যালয় পরিচালনার পরিবেশ ও নির্ধারিত শর্ত পূরণে ব্যর্থ হয়েছে। যারা মুনাফার লক্ষ্য নিয়ে চলতে চান। যারা নিজস্ব ক্যাম্পাসে এখনো যাননি। যারা একাধিক ক্যাম্পাসে পাঠদান পরিচালনা করছেন তাদের বিরুদ্ধে অব্যাহত চাপ রেখেও সঠিক ধারায় আনা কঠিন হয়ে পড়েছে। এজন্য তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া ছাড়া আর কোনো পথ খোলা নেই। পাশাপাশি আমরা

বাড্ডার মাদানী অ্যাভিনিউতে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। ছবি: শাকিল আহমেদ

সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকারী শিক্ষার্থীদের মধ্যে কোনো পার্থক্য করি না। তারা সবাই আমাদের সন্তান এবং জাতির ভবিষ্যত।



তিনি বলেন, শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে স্থিতিশীল উন্নয়ন নিশ্চিত করতে বহুমাত্রিক কার্যক্রমের সঙ্গে শিক্ষার্থীদের সম্পৃক্ত করার যথোপযুক্ত পরিকল্পনা বিশ্ববিদ্যালয়গুলোকে থাকতে হবে। বৈশ্বিক প্রেক্ষাপটে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদেরকে থাকতে হবে বিশ্বজনীন দৃষ্টিভঙ্গি এবং জাতি ও বিশ্বকে নেতৃত্ব দেওয়ার মতো জ্ঞান ও অস্তিত্ব। এজন্য বৈজ্ঞানিক, প্রযুক্তিগত ও তথ্য বিপ্লবের সুযোগ গ্রহণ করে তাদের মানবসম্পদে পরিণত করতে হবে।

শিক্ষার্থীদের উদ্দেশ্যে করে নাহিদ বলেন, অর্জিত শিক্ষা ও জ্ঞান এখন বাস্তব কর্মজীবনে প্রয়োগ করতে হবে। জ্ঞান ও মেধার প্রয়োগে সৃজনশীলতা ও উদ্যোগ বিশেষভাবে গুরুত্বপূর্ণ। শিক্ষা, জ্ঞান ও অভিজ্ঞতা অর্জনের সীমা নেই। অন্যদিকে যে জ্ঞান আপনারা অর্জন করেছেন তা ছড়িয়ে দিতে হবে সমাজের কম আলোকিত মানুষের মাঝে। কেননা দারিদ্র দূরীকরণে শিক্ষার কোনো বিকল্প নেই। ততোদিন দেশ উন্নত হবে না যতোদিন পর্যন্ত দেশ পরিচালনার জন্য, অর্থনীতির হাল ধরার জন্য, পর্যাপ্ত সংখ্যক দক্ষ ও উচ্চশিক্ষিত নাগরিক তৈরি না হবে।

সমাবর্তন অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন- বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সচিব ড. আহমদ কায়কাউস, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান মোহাম্মদ হাসান মাহমুদ রাজা, উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মফিজুর রহমান প্রমুখ।

বাংলাদেশ সময়: ১৩০৮ ঘণ্টা, জানুয়ারি ২০, ২০১৮

এসজে/জিপি

ফোন: +৮৮০ ২ ৮৪৩ ২১৮১, +৮৮০ ২ ৮৪৩ ২১৮২ আই.পি. ফোন: +৮৮০ ৯৬১ ২১২ ৩১৩১ নিউজ রুম মোবাইল: +৮৮০ ১৭২ ৯০৭ ৬৯৯৬, +৮৮০ ১৭২ ৯০৭ ৬৯৯৯ ফ্যাক্স: +৮৮০ ২ ৮৪৩ ২৩৪৬

ইমেইল: news24.banglanews@gmail.com (mailto:news24.banglanews@gmail.com), news.bn24@gmail.com (mailto:news.bn24@gmail.com), banglanews.digital@gmail.com

(mailto:banglanews.digital@gmail.com) এডিটর-ইন-চিফ ইমেইল: editor.banglanews@gmail.com (mailto:editor.banglanews@gmail.com)

বাংলানিউজটোয়েন্টিফোর.কম (<http://www.banglanews24.com>) | এডিটর-ইন-চিফ: আলমগীর হোসেন

কপিরাইট © 2018-01-20 17:57:24 | একটি ইডব্লিউএমজিএল প্রতিষ্ঠান